দৈনিক
ইনকিলাব

তারিখ ... NOV. 05.2006 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

# শিক্ষাখাতে জোট সরকারে
# দালালদের শাস্তি দিন

## -বাশিস নেতৃবৃ

স্টাফ রিপোর্টার ঃ জাতীয় শিক্ষক কর্মচা
ফ্রন্টভুক্ত বাংলাদেশ শিক্ষক সমি
ফেডারেশনের সদস্য সংগঠন-বাংলাদে
শিক্ষক সমিতি (বাশিস) সরকারে
অনুগ্রহপুষ্ট দালালদের রাষ্ট্রীয় অর্থে বিশা
বহর নিয়ে বিদেশ ভ্রমণ অবিলম্বে বন্ধ করে
তত্ত্বাবধায়ক সরকারের কাছে দা
জানিয়েছে। একই সাথে ১০% বেত
প্রদানে শর্তারোপ সত্ত্বেও সেলিম ভূঁই
গংসহ জোট সরকারের সব দালালদে
প্রতিহত করার জন্য শিক্ষক কর্মচারীদে
প্রতি আহ্বান জানিয়েছে। জাতীয় শিক্ষ
কর্মচারী ফ্রন্টসহ শিক্ষক সংগঠনসমূহের তী
প্রতিবাদ ও শিক্ষক কর্মচারীদের প্রচ
ক্ষোভের মুখে পরবর্তীতে সাবেক শিক্ষামন্ত্রী
এম ওসমান ফারুক, লিয়াজোঁ উপমন্ত্রী
আব্দুস সালাম পিন্টু ১০%-এর ক্ষেত্রে
প্রতিষ্ঠানের আয় জমা দিতে হবে না বলে
একাধিকবার বক্তব্য-বিবৃতি দিয়ে আশ্বা
প্রদান করেন। কিন্তু শিক্ষক বিদ্বেষী প্রতারক
জোট সরকার তাদের মেয়াদের শেষ দিনেও
১০%-এর কোন প্রজ্ঞাপন জারি করেনি
অথচ তত্ত্বাবধায়ক সরকার ক্ষমতায় আসার
পর ৩১ অক্টোবর শিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত
সরকারী- আদেশে তিন মাসের মধ্যে
প্রতিষ্ঠানের আয় সরকারী কোষাগারে
জমাদানের নিয়মনীতি প্রণয়নের কথা বল
হয়েছে। ঐ আদেশেই অবশিষ্ট ৫ ভাগ বেতন
বকেয়া হিসেবে ২০০৭-২০০৮ সালের
বাজেট থেকে দেয়ার কথাও বলা হয়েছে
এখন প্রশ্ন, সে বাজেটকে প্রণয়ন করবে? এ
টাকা আগামী বাজেটে যে পাওয়া যাবে তার
নিশ্চয়তা কি? শর্তযুক্ত এ সরকারী আদেশ
সত্ত্বেও সেলিম গং পুনরায় নির্লজ্জের মতো
সাবেক জোট সরকারকে অভিনন্দন
জানিয়েছে। শিক্ষক স্বার্থের বিরুদ্ধে বিগত ৫
বছর ধরে অব্যাহতভাবে অবস্থান গ্রহণকারী
এসব দালালদের এখনই দৃষ্টান্তমূলক সমুচিত
জবাবদানের জন্য নেতৃবৃন্দ সারা দেশের
প্রতারিত বঞ্চিত শিক্ষক সমাজের প্রতি
আহ্বান জানান।

বিবৃতি প্রদানকারী শিক্ষক নেতৃবৃন্দ হলেন,
বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি
মোহাম্মদ আজিজুল ইসলাম, মহাসচিব এস
এম এ জলিল, প্রেসিডিয়াম সদস্য কাজী
আব্দুল লতিফ (ঢাকা বিভাগ), মিসেস রওশন
আরা মান্নান (ঢাকা মহানগরী), নওয়াব জান